দৈনিক ইত্তেফাক

তারিখ 29/8/91
পৃষ্ঠা 7 কলাম 4

23

# 'তারুণ্যের কবি নজরুলের জনপ্রিয়তা ব্যাপক হইতেছে'

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (বুধবার) ছিল জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১৫ তম মৃত্যুবার্ষিকী। আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং মাজারে পুষ্প অর্পণের মাধ্যমে কবির স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। আলোচনা অনুষ্ঠানে বক্তাগণ তাঁহাকে তারুণ্যের কবি হিসাবে চিহ্নিত করিয়া বলেন, তারুণ্য শাশ্বত।

(৭ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)



বিদ্রোহী কবির পরিবারের পক্ষ হইতে গতকাল কবির মাজারে পুষ্প অর্পণ করা হয় —ইত্তেফাক

## তারুণ্যের কবি নজরুল

( ১ম পৃঃ পর )

তাই বর্তমানকে অতিক্রম করিয়া তারুণ্যের কবি নজরুলের জনপ্রিয়তাও ক্রমান্বয়ে ব্যাপক হইতেছে। গতকাল সকালে বিভিন্ন সংগঠনের পক্ষ হইতে কবির মাজারে পুষ্প অর্পণ ও ফাতেহা পাঠ করা হয়।

নজরুল ইনস্টিটিউটের তিন দিনব্যাপী অনুষ্ঠানমালার শেষদিনে গতকাল জাতীয় যাদুঘর মিলনায়তনে আলোচনা, সঙ্গীত ও নৃত্যানুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী। বিশেষ অতিথি ও সভাপতি ছিলেন সৈয়দ আহমেদ ও ডঃ মুস্তাফা নূরউল ইসলাম। স্বাগতঃ ভাষণ দেন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক মনিরুজ্জামান। অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী বলেন, সব মানুষ সমান—নজরুলের এই চিন্তা তাহার রাজনৈতিক চেতনারই অংশ। জীবন, সংগ্রাম, যুদ্ধ—সকল কিছু মিলাইয়া নজরুল এক অপরূপ সত্তা। পরে নৃত্য ও সঙ্গীত পরিবেশিত হয়।

বাংলা একাডেমীর বটমূলের অনুষ্ঠানে 'নজরুল সঙ্গীত : 'জনপ্রিয়তার স্বরূপ সন্ধান' শীর্ষক প্রবন্ধ পাঠ করেন ডঃ করুণাময় গোস্বামী। অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামানের সভাপতিত্বে এ অনুষ্ঠানে মুহাম্মদ জাহাঙ্গীর ও মুহম্মদ নূরুল হুদা আলোচনায় অংশ নেন। প্রফেসর মোহাম্মদ হারুন-উর রশিদ স্বাগত ভাষণ দেন। ডঃ করুণাময় গোস্বামী বলেন, জনচিত্তের সঙ্গে সম্পৃক্ততা নজরুল সঙ্গীতের একটি সাধারণ বৈশিষ্ট্য। বিশিষ্ট শিল্পীরা নজরুল সঙ্গীত পরিবেশন করেন।

শিল্পকলা একাডেমীর উদ্যোগে এ উপলক্ষে 'সুন্দর তব গান হে কবি' শীর্ষক আবৃত্তি, সঙ্গীত ও নৃত্যানুষ্ঠান পরিবেশিত হয়।

নজরুল একাডেমীর আজ ও আগামীকাল (শুক্রবার) বিকাল ৫টায় বাংলাদেশ শিল্পকলা একাডেমী মিলনায়তনে ২ দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হইয়াছে। গতকাল আরও যাহারা অনুষ্ঠানের আয়োজন করে তাহারা হইতেছে ঋত্বিজ শিল্পী গোষ্ঠী, ফ্রীডম লীগ, জাতীয়তাবাদী পল্লীদল, নজরুল একাডেমী শিশু শিক্ষালয়, জাতীয় ইসলামিক দল, নবীন মেলা, জাতীয় জনতা পার্টি (খান), হযরত মুহম্মদ (সঃ) রিসার্চ একাডেমী, আহলে হাদীস ছাত্র আন্দোলন, ক্রিসেন্ট সোসাইটি, কচি কণ্ঠ, কমল স্মৃতি পরিষদ, গণতান্ত্রিক শ্রমিক লীগ, জিয়া শিশু কিশোর সংগঠন, ইসলামিক পার্টি।